

সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২৩৪২

৯. কিতাবুস সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ আমরা যে সময়ের কথা বর্ণনা করলাম, সে সময় আয়িশা রাদ্বিয়াল্লাহু আনহা কিভাবে রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের সামনে শুয়ে থাকতেন তার বর্ণনা

ذِكْنُ وَصنْفِ نَوْم عَائِشَةَ قُدَّامَ الْمُصنْطَفَى صلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ بِاللَّيْلِ عِنْدَمَا وَصنفنا ذِكْرَهُ

আরবী

2342 _ أَخْبَرَنَا أَبُو خَلِيفَةَ قَالَ: حَدَّثَنَا الْقَعْنَبِيُّ عَنْ مَالِكٍ عَنْ أَبِي النَّضْرِ عَنْ أَبِي سَلَمَةَ عَنْ عَائِشَةَ قَالَتْ: كُنْتُ أَمُدُّ رِجِلَيَّ فِي قِبْلَةِ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ وَهُوَ يُصلِّي عَنْ عَائِشَةَ قَالَتْ: كُنْتُ أَمُدُّ رِجِلَيَّ فِي قِبْلَةِ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ وَهُوَ يُصلِّي فَإِذَا سَجَدَ غَمَزَنِى فرفعتُهُما وَإِذَا قام رَدَدْتُهُما.

الراوي: عَائِشَة | المحدث: العلامة ناصر الدين الألباني | المصدر: التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 2342 | خلاصة حكم المحدث: صحيح _ ((صحيح أبي داود)) (707): ق.

বাংলা

২৩৪২. আয়িশা রাদ্বিয়াল্লাহু আনহা থেকে বর্ণিত, তিনি বলেন, "আমি রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম সালাত আদায়কালে আমি তাঁর কিবলার দিকে আমার দুই পা সম্প্রসারিত করে দিতাম। অতঃপর যখন তিনি সাজদা করতেন, তখন তিনি আমাকে স্পর্শ করতেন, ফলে আমি পা দুটিকে উঠিয়ে নিতাম, তারপর যখন তিনি দাঁড়াতেন, তখন আমি আবার আমার পা সম্প্রসারিত করতাম।"[1]

ফুটনোট

[1] মুয়াতা ইমাম মালিক: ১/১১৭; মুসনাদ আহমাদ: ৬/১৪৮; সহীহ আল বুখারী: ৩৮২; সহীহ মুসলিম: ৫১২; নাসাঈ: ১/১০২; মুসান্নাফ আব্দুর রাযযাক: ২৩৭৬; সুনান বাইহাকী: ২/২৬৪; বাগাবী: ৫৪৫; আবূ দাউদ: ৭১৩।

আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ হাদীসটিকে বুখারী ও মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা



নাসিরুদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহ আবূ দাউদ: ৭০৭)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ আয়িশা বিনত আবূ বাকর সিদ্দীক (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন